ঈমানের সত্তর অথবা ষাটের বেশি শাখা রয়েছে। তার মধ্যে সর্বোত্তম (শাখা) ‘লা ইলাহা ইল্লাল্লাহ’ বলা এবং সর্বনিম্ন (শাখা) রাস্তা থেকে কষ্টদায়ক জিনিস (পাথর কাঁটা ইত্যাদি) দূরীভূত করা। আর লজ্জা ঈমানের একটি শাখা।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু হতে মারফু‘ হিসেবে বর্ণিত, “ঈমানের সত্তর অথবা ষাটের বেশী শাখা রয়েছে। তার মধ্যে সর্বোত্তম (শাখা) ‘লা ইলাহা ইল্লাল্লাহ’ বলা এবং
সর্বনিম্ন (শাখা) রাস্তা থেকে কষ্টদায়ক জিনিস (পাথর কাঁটা ইত্যাদি) দূরীভূত করা। আর লজ্জা ঈমানের একটি শাখা।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

ঈমান শুধু একটি চরিত্র বা এক শাখার নাম নয়; বরং ঈমান হলো অনেক শাখার নাম। সত্তর বা ষাটের অধিক। কিন্তু সবোর্ত্তম শাখা হলো একটি কালেমা। আর তা হলো লা ইলাহা ইল্লাল্লাহ। আর সর্বাধিক সহজ শাখা হলো পথচারীদের জন্যে কষ্টদায়ক প্রত্যেক বস্তুই হটান, হোক সেটি পাথর অথবা কাঁটা ইত্যাদি। আর লজ্জা ঈমানের একটি শাখা।

http://sunnah.global/hadeeth/bn/show/3276